রাঙাপদপদ্মযুগে প্রণমি গো ভবদারা !
আজি এ ঘোর নিশীথে পূজিব তোমারে তারা ।
সুরনর থরহর– ব্রহ্মাণ্ডবিপ্লব করো ,
রণরঙ্গে মাতো , মা গো , ঘোরা উন্মাদিনী - পারা ।
ঝলসিয়ে দিশি দিশি ঘুরাও তড়িত - অসি ,
ছুটাও শোণিতস্রোত , ভাসাও বিপুল ধরা ।
উরো কালী কপালিনী , মহাকালসীমন্তিনী ,
লহো জবাপুষ্পাঞ্জলি মহাদেবী পরাৎপরা ॥

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Ektaal (4-4), Raag: Bageshree

Visit www.geetabitan.com for notation and other detail